

নম্বর : ৫৯.০০.০০০০.১১০.১১.০১০.১৭-১৮০

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
১৬ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

নব নিয়োগকৃত সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের পদায়নের নীতিমালা

সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্ম সম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ পদায়ন নীতিমালা জারি করা হলো। কর্মকর্তাগণের পদায়নের জন্য সাধারণভাবে এ নীতিমালা অনুসরণ করা হবে :

- ১। নব যোগদানকারী সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণকে নিজ উপজেলা ও নিজ জেলার অন্য যে কোন উপজেলা কিংবা স্বামী/স্ত্রীর জেলা/উপজেলায় পদায়ন করা যাবে না ;
- ২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার উভয় পদ যে সকল উপজেলায় শূন্য রয়েছে সে উপজেলায় সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা পদায়ন অগ্রাধিকার পাবে ;
- ৩। জনসংখ্যা বৃদ্ধির হার সে সমস্ত উপজেলায় বেশী সে সমস্ত উপজেলায় কর্মকর্তা পদায়নে অগ্রাধিকার দেয়া হবে ;
- ৪। ২ (দুই) বছর শিক্ষানবিশকালে কোন কর্মকর্তাকে অন্যত্র বদলি করা যাবে না। তবে অনিবার্য প্রশাসনিক কারণে কোন কর্মকর্তাকে অন্য কোন কর্মস্থলে বদলি করা যাবে ;
- ৫। কোন কর্মস্থলে সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা'র কর্মকাল হবে ন্যূনতম ৩ (তিন) বছর। দুর্গম কর্মস্থলে ন্যূনতম কর্মকাল হবে ১ (এক) বছর ;
- ৬। বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের মেধাক্রম বিবেচনায় বিভিন্ন উপজেলায় পদায়ন করা হবে ;
- ৭। কোন কর্মকর্তার স্ত্রী/স্বামী উভয়েই চাকরিজীবী হলে একই কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি বিবেচনা করা হবে ;
- ৮। কোন কর্মকর্তার নিজের অথবা স্ত্রী/স্বামী/সন্তান/মাতা/পিতার দুরারোগ্য ব্যাধির সুষ্ঠু চিকিৎসার স্বার্থে মেডিকেল বোর্ডের সুপারিশের পরিপ্রেক্ষিতে নির্ধারিত মেয়াদের পূর্বে সুবিধাজনক স্থানে পদায়ন করা যাবে ;
- ৯। কোন কর্মকর্তার উচ্চ শিক্ষার সুযোগ গ্রহণের ক্ষেত্রে কর্মরত পদে ন্যূনতম চাকরিকালের শর্ত শিথিল করা যাবে ;
- ১০। নিয়োগ/পদায়নের প্রজ্ঞাপনে বদলিকৃত কর্মস্থলে যোগদানের উল্লিখিত শেষ তারিখে অবশ্যই যোগদান করতে হবে; যৌক্তিক কারণ ব্যতিত নির্ধারিত তারিখের মধ্যে কোন কর্মকর্তা তাঁর বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে ;
- ১১। জনস্বার্থে জারিকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ
(ফৌজিয়া খান)


সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯৫৪০৬৪৫

পর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পঃ

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল জেলা)।
- ৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল উপজেলা)।


(ফৌজিয়া খান)
সিনিয়র সহকারী সচিব

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব (জনসংখ্যা ও পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৬। স্পঞ্জসচিব (প্রশাসন/পার) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। অফিস কপি।